

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২৪

তারিখ:

০৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ

১৯ মে ২০২৪ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

৯১০ তম কমিশন সভা অদ্য ১৯/০৫/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অদ্যকার সভায় Power Grid Company of Bangladesh Limited এর আবেদনের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থ বছরের নিরীক্ষিত বার্ষিক আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার মানি ডিপোজিটের বিপরীতে ১০ টাকা অভিহিত মূল্যের ২,৫০৫,৪০৪,৯৭৬ সংখ্যক irredeemable & noncumulative preference shares এর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত preference shares সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে ইস্যু করা হবে। উল্লেখ্য, উক্ত preference shares কোম্পানির সাধারণ শেয়ার (ordinary shares) জনিত পরিশোধিত মূলধনের অংশ হইবে না।

২। অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি-স্পেশাল পার্পাস ফান্ড 'IDLC NAGORIK SDG FUND' -এর খসড়া প্রসপেক্টাস কতিপয় সংশোধনীসহ অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'IDLC Asset Management Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছে 'IDLC Asset Management Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

৩। অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদি ফান্ড 'CWT High Income Fund' -এর খসড়া প্রসপেক্টাস ও সারসংক্ষেপ ফান্ডের ট্রাস্টি ডীড এবং প্রসপেক্টাস এর কতিপয় শর্ত সাপেক্ষে অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'CWT Asset Management Company Limited' ২.৫ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছে 'CWT Asset Management Company Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'Sandhani Life Insurance Company Limited' এবং 'Commercial Bank of Ceylon PLC'।


মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র